

ধানে গান্ধী পোকাকার আক্রমণ এবং প্রতিকার

গান্ধী পোকা ধানের দানা আক্রমণ করে। বাচ্চা ও পূর্ণবয়স্ক উভয়ই ধান গাছের দানা থেকে রস শুষে খায়। ধানের দানায় যখন দুধ সৃষ্টি হয় তখন ক্ষতি করলে ধান চিটা হয়ে যায়। এরপরে আক্রমণ করলে ধানের মান খারাপ হয়ে যায়। পূর্ণবয়স্ক গান্ধী পোকা ধূসর রঙের এবং কিছুটা সরু। এরা ধানের পাতা ও শিষের ওপর সারি করে ডিম পারে। সবুজ রঙের বাচ্চা এবং পূর্ণবয়স্ক গান্ধী পোকাকার গা থেকে বিশী গন্ধ বের হয়। সব মৌসুমেই এ পোকা আক্রমণ করে থাকে।



চিত্র ১: পূর্ণবয়স্ক গান্ধী পোকা



চিত্র ২: গান্ধী পোকা আক্রান্ত ধান

এ পোকাকার হাত থেকে ধান ফসল রক্ষার জন্য-

- আলোক ফাঁদ ব্যবহার করুন।
- গড়ে প্রতি ২-৩টি গোছায় একটি গান্ধী পোকা দেখা গেলে নিম্নলিখিত তালিকার যেকোন একটি অনুমোদিত কীটনাশক সঠিক মাত্রায় প্রয়োগ করুন।
- কীটনাশক বিকেল বেলায় প্রয়োগ করতে হবে।

কীটনাশক		প্রয়োগ মাত্রা/হেক্টর
জেনেরিক নাম	ব্র্যান্ড নাম	
ক্লোরপাইরিফস	ডার্সবান ২০ ইসি	১.০ লিটার
এমআইপিপি/আইসোপ্রোকার্ব	মিপসিন ৭৫ ডব্লিউপি	১.১২ কেজি
কার্বারিল	সেভিন ৮৫ ডব্লিউপি	১.৭০ কেজি
ম্যালাথিয়ন	ফাইফানন ৫৭ ইসি	১.১২ লিটার



কীটতত্ত্ব বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর